

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.১৭০.৯৯.০৯৬.২৩-২৪

তারিখ : ১৬ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ এডিস মশার প্রজনন রোধে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতাল/ ক্লিনিক/ স্বাস্থ্যকেন্দ্র ও এর চারপাশ
নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং মেডিকেল বর্জ্য নিষ্পত্তি প্রসংগে।

সূত্র- স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-১৫ তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ও সরকারের রুটিন ওয়ার্ক হিসেবে গত ১৭ জানুয়ারি ২০২৪ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি” এর ২০২৪ সালের ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ক্রমিক নং ০৩ এর সিদ্ধান্তে উল্লেখ করা হয় যে, এডিস মশার প্রজনন রোধে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতাল/ ক্লিনিক/ স্বাস্থ্যকেন্দ্র ও এর চারপাশ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হতে হবে। এছাড়া মেডিকেল বর্জ্য নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। এমতাবস্থায়, এডিস মশার প্রজনন রোধে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতাল/ ক্লিনিক/ স্বাস্থ্যকেন্দ্র ও এর চারপাশ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং মেডিকেল বর্জ্য নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তানিয়া মুন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৫৫৩১

hsdph1@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)
৩. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল, (সকল)
৪. তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর/ জেনারেল হাসপাতাল (সকল)
৫. সিভিল সার্জন-কাম-তত্ত্বাবধায়ক, জেলা সদর/ জেনারেল হাসপাতাল (সকল)
৬. সিভিল সার্জন (সকল)
৭. উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৬. যুগ্মসচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।